

জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান২ বোরো মৌসুমে চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি হাইব্রিড ধান। ইহার কৌলিক সারি বিআর১০এইচ। জাতটি ২০০৮ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ গাছের উচ্চতা ১০৫ সেমি।
- ▶ এর কান্ড ও পাতা ঘন সবুজ এবং খাড়া।
- ▶ চাল মাঝারি মোটা এবং ভাত বারবারে।
- ▶ এ জাতের চালে ৯.০% প্রোটিন ও ২৩.৩% এম্যাইলোজ রয়েছে।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এ জাতের গড় ফলন ৮.০ টন/হেক্টর।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১-৩০ অগ্রাহায়ণ (১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর)।
২. চারা রোপণ : ১-৩০ পৌষ (১৫ ডিসেম্বর-১৫ জানুয়ারি)।
৩. বীজের হার : ১৫-২০ কেজি/হেক্টর।
৪. চারার বয়স : ৩০-৩৫ দিনের চারা।
৫. রোপণ দূরত্ব : ২০×১৫ সেন্টিমিটার।
৬. প্রতি গোছায় চারা : ১-২ টি

৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা
	৩৬	১৭	১৬	৯	১
৭.১ জমি তৈরির সময়	১২	১৭	১১	৯	১
৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর	১২		৫		
৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর	১২				

(ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপণের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম)।

৮. আগাছা দমন : রোপণের পর ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনা : ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ রসের ব্যবস্থা রাখতে হবে।
১০. রোগ বালাই দমন : অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১১. ফসল কাটা : ২৫ চৈত্র - ৫ বৈশাখ (৮-১৮ এপ্রিল) ৮০% ধান পেকে গেলে কাটতে হবে।



ব্রি হাইব্রিড ধান২

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যান্ট শীট ১৬